হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
সভার তারিখ ঃ ১৯ এপ্রিল ২০২২ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ১০.০৩.২০২২ খ্রি: তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর এর প্রতিনিধি বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির (এডিপি) অনুমোদিত প্রকল্পসমূহ টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু হবে। তিনি আরও বলেন,যে সকল রাস্তার আইডি নম্বর নেই সে সকল রাস্তার তালিকা করে আইডি নম্বরভুক্ত করার জন্য প্রকৌশল অফিসে প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	(ক) বিধি মোতাবেক প্রকল্পগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আইডি নম্বরভুক্ত করার নিমিত্ত রাস্তাগুলোর তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান(সকল),হবিগঞ্জ সদর ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি বলেন, কৃষি খাতে যে ভর্তুকি দেয়া হয় সেক্ষেত্রে একই ব্যক্তি বার বার পেয়ে থাকে। তাই উপকারভোগী পরিবর্তনের ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।	(ক) যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। (খ) নীতিমালা অনুযায়ী উপকারভোগী পরিবর্তনের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নেয়া হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর -ঐ-
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় বিচারক হিসেবে দায়িত্ব পালনে নিয়োজিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৫	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিগত সভার সিদ্ধান্তের আলোকে বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি বাড়াতে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তিনি বলেন, রমজান মাস হওয়ায় অনেক ছাত্র-ছাত্রী স্কুলে না গিয়ে ক্বারীয়ানা পড়ার জন্য মাদ্রাসায় গমন করে এতে উপস্থিতি কম। তিনি পানির সংকটের দরুন তার অফিসে ১ টি নলকূপ বরাদ্দ করার প্রস্তাব করেন।	(ক) যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। (খ) বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা শিক্ষা অফিসের জন্য ১ টি নলকূপ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর (খ) উপসহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	জনাব মো: সজীব মিয়া,উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর বলেন, সর্বমোট ৩০৫টি নলকূপের মধ্যে ২৭৫টি নলকূপ স্থাপন ও প্লাটফর্মের কাজ সম্পন্ন করা হয়েছে । বাকীগুলো ঈদের পূর্বে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, তার	যে সকল কাজ এখনও সম্পন্ন করা হয়নি, সে সকল স্থান পরিদর্শন করত: দ্রুত কাজ সম্পন্ন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর

		অধিদপ্তরের মাধ্যমে হাওড় উন্নয়ন প্রকল্পের কাজ শুরু হয়েছে। লোকড়া,তেঘরিয়া ও পৈল ইউনিয়নে ২টি করে প্রকল্পের কাজ শুরু করা হয়েছে।		
০৭	সমাজসেবা বিভাগ	(ক) উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর বলেন, বিধবা ও প্রতিবন্ধিদের অপেক্ষমান তালিকা কোন কোন ইউপি হতে আংশিক ও কোন কোন ইউপি হতে মোটেই পাওয়া যায়নি। ফলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। দ্রুত পুর্নাঙ্গ তালিকা প্রেরণ করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। (খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস তৈরীর জন্য ১২টি ঘর নির্মাণের বরাদ্দ এসেছে। এর মধ্যে ৭টি গৃহের কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পসহ ইউনিয়নাধীন সকল উন্নয়নমূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজরদারী করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ জানান।	(ক) বিধবা ও প্রতিবন্ধিদের অপেক্ষমান তালিকা দ্রুত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) সরকারি নীতিমালা অনুযায়ী ঘর নির্মাণের কাজ হচ্ছে কিনা এবং ইউনিয়নাধীন সকল উন্নয়ন মূলক কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর (খ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)/ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	প্রতিনিধি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হয় নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১১	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর
১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	মেডিকেল অফিসার,উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর বলেন, কোভিড-১৯ এর টিকাদান কার্যক্রম অব্যাহত আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার,হবিগঞ্জ সদর
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:),হবিগঞ্জ সদর
১৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ),হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর

১৯	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর বলেন, খাদ্য বান্ধব কর্মসূচি চলমান আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
২০	বিবিধ	(ক) জনাব মো: তাজ উদ্দিন, চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি, হবিগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নে নির্মাণ শ্রমিক সমবায় সমিতির মাধ্যমে ঋন প্রদানের নামে উচ্চ হারে সুদের ব্যবসা শুরু করা হয়েছে। সুদের অর্থ পরিশোধ করতে না পারায় এক ব্যক্তির গরু নিয়ে গেছে। তিনি উক্ত সমিতির সুদের ব্যবসা বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করেন। এ প্রসঙ্গে উপজেলা সমবায় অফিসার বলেন, নির্মাণ শ্রমিকদের নিয়ে ১টি সমিতি গঠন করার প্রস্তাব জেলা সমবায় অফিসে প্রেরণ করা হয়েছে। সুদের ব্যবসা করার কোন অনুমতি নেই।	এ বিষয়ে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় আলোচনা করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর
		(খ) চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি বলেন, বোরো মৌসুম চলছে, ইউনিয়ন পর্যায়ে ধান সংগ্রহ অভিযান পরিচালিত হবে। তাই ধান সরবরাহকারী কৃষকদের তালিকা সরবরাহ করার জন্য প্রস্তাব করেন।	আসন্ন ধান সংগ্রহ অভিযানে ধান সরবরাহকারী কৃষকদের তালিকা ইউপি চেয়ারম্যান গণকে সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
		(গ) জনাব মো: আব্দুল মন্নান, চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন,জন্ম নিবন্ধনে সংশোধনের প্রচুর আবেদন পাওয়া যাচ্ছে,যা উপজেলায় প্রেরণ করা হচ্ছে। সংশোধনের আবেদনগুলো দ্রুত নিস্পত্তি করার জন্য অনুরোধ জানান।		
		(ঘ) চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি রাজস্ব উদ্বৃত্ত তহবিলের ইউনিয়ন ওয়ারি বিভাজিত অর্থের পরিমাণ জানানোর জন্য প্রস্তাব করেন।		
		(ঙ) জনাব মো: দেলোয়ার হোসেন, ইউডিএফ, জাইকা, হবিগঞ্জ সদর বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০ অর্থ বছরের ৩টি অবকাঠামো উপ-প্রকল্প ১। হবিগঞ্জ সদর উপজেলার রিচি গ্রামের (ক) আহসান উল্লার বাড়ি হতে সাজ্জাদ উল্লার বাড়ি; (খ) আরাফাত আলীর বাড়ি হতে আব্দুল মালেকের বাড়ি; (গ) আব্দুল কায়ুমের বাড়ি হতে আব্দুল আহাদের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ=২০,১১, ১৭২/-টাকা। ২। হবিগঞ্জ সদর উপজেলার ৮টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে করোনাকালে নিরাপদ প্রসূতিসেবা নিশ্চিতকরণের জন্য লেবার বেড ও চিকিৎসা সামগ্রী বিতরণ= ৬,৮৮,০২৪/-টাকা ৩। (ক) হবিগঞ্জ সদর উপজেলার ছোট বহুলা হতে লোকড়া গ্রাম হয়ে রিচি গ্রাম পর্যন্ত সোলার সড়ক বাতি স্থাপন;(খ) হবিগঞ্জ সদর উপজেলার ৫টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া উপকরণ ও ল্যাপটপ বিতরণ=৯,১৬,৭৯০/-টাকার কাজ যথাযথভাবে সমাপ্ত হয়েছে। উল্লিখিত প্রকল্পসমূহের কাজ সমাপ্ত হওয়ায় ঠিকাদারের উপরে বর্ণিত পাওনা পরিশোধের নিমিত্তে বিলগুলো অনুমোদনের জন্য তিনি প্রস্তাব	উপস্থাপিত বিলগুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর

		করেন। (চ) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, সকল দপ্তরের কাজ সুষ্ঠু সমন্বয়পূর্বক পরিষদের সুনাম বৃদ্ধি করা প্রয়োজন। তিনি সকলকে ঈদ-উল-ফিতরের আগাম শুভেচ্ছা জ্ঞাপন করেন।		
		(ছ) উপজেলা নির্বাহী অফিসার, (অ:দা:) হবিগঞ্জ সদর বলেন, মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন-গৃহহীন পরিবারকে ৩য় পর্যায়ে জমি ও গৃহ প্রদান কার্যক্রম আগামী ২৬ এপ্রিল,২০২২ তারিখ উদ্বোধন করা হবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি যুক্ত হবেন। এতে সদর উপজেলা হলরুম প্রান্ত হতে সংযুক্ত করা হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য তিনি সকলকে অনুরোধ জানান।	মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন-গৃহহীন পরিবারকে ৩য় পর্যায়ে জমি ও গৃহ প্রদান কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনপ্রতিনিধি (সকল)/ বিভাগীয় প্রধান (সকল), হবিগঞ্জ সদর
		(জ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, কিছু কিছু সিদ্ধান্ত সকলকে নিয়ে আবার কোন কোন সিদ্ধান্ত নিজস্ব নীতিমালার আলোকে তাৎক্ষণিকভাবে গ্রহণ করতে হয়। তিনি বলেন, করোনা পরিস্থিতির কারণে বিগত ২ বছরে রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থের দ্বারা কোন প্রকল্প গ্রহণ করা সম্ভব হয় নি। বর্তমানে উক্ত তহবিলের অর্থের দ্বারা প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ইউনিয়ন প্রতি ১০ লক্ষ টাকার প্রকল্প তালিকা দাখিল করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন। তিনি উপজেলা পরিষদের এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল=৩০,০০০/- টাকা; ১৭ মার্চ, ২০২২ জাতীয় দিবস ও ২৬ মার্চ, ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ফুলের তোড়া ক্রয় বাবদ= ১৮,০০০/- টাকা; ১৬ মার্চ হতে ২৭ মার্চ,২০২২ পর্যন্ত লাইটিং বিল বাবদ ৪০,০০০/- টাকা; উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন করণ বাবদ=১৬,০০০/- টাকা; উপজেলা পরিষদের চেয়ারম্যান এর গাড়ির মার্চ, ২০২২ মাসের গ্যাস ও জ্বালানী বিল=১২,৪৮১/- টাকা; উপজেলা পরিষদের চেয়ারম্যান এর গাড়ির মার্চ, ২০২২ মাসের পেট্রোল ও লুব্রিকেন্ট বিল= ১,২৬২/- টাকা ব্যয় করার জন্য প্রস্তাব করেন।	রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থের দ্বারা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প তালিকা পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর

২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২০(জ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্র: নং	প্রস্তাবিত প্রকল্প/ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিষদের এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ=৩০,০০০/- টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

০২	১৭ মার্চ, ২০২২ জাতীয় দিবস ও ২৬ মার্চ, ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ফুলের তোড়া ক্রয় বাবদ=১৮,০০০/- টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	১৬.মার্চ হতে ২৭ মার্চ,২০২২ পর্যন্ত লাইটিং বিল বাবদ ৪০,০০০/- টাকা(ভ্যাট ও আয়করসহ) ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন করণ বাবদ=১৬,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৫	উপজেলা পরিষদের চেয়ারম্যানের গাড়ির মার্চ,২০২২ মাসের গ্যাস ও জ্বালানী বিল= ১২,৪৮১/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৬	উপজেলা পরিষদের চেয়ারম্যানের গাড়ির মার্চ,২০২২ মাসের পেট্রোল ও লুব্রিকেন্ট বিল= ১,২৬২/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২২- ২৮৬

তারিখ : ১৯ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

১৯.০৪.২২
মো: ইয়াছিন আরাফাত রানা
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

পরিশিষ্ট 'ক'

১৯.০৪.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের এপ্রিল,২০২২ মাসের মাসিক সভায় উপস্থিতির তালিকা :
(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব মো: ইয়াছিন আরাফাত রানা	উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:),হবিগঞ্জ সদর	
০২	জনাব ফেরদৌস আরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর	
০৩	জনাব মাহবুবুর রহমান আউয়াল	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর	
০৪	জনাব মো: হাবিবুর রহমান	উপ সহকারী প্রকৌশলী,এলজিইডি, হবিগঞ্জ সদর	
০৫	জনাব মো: রায়হান উদ্দিন	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর	
০৬	আলহাজ্ব এম এ মোতালিব	চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি,হবিগঞ্জ সদর	
০৭	জনাব মো: আব্দুল মন্নান	চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি,হবিগঞ্জ সদর	
০৮	জনাব মো: কায়সার রহমান	চেয়ারম্যান, ১ নং লুকড়া ইউপি,হবিগঞ্জ সদর	
০৯	জনাব আব্দুর রহিম	চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি,হবিগঞ্জ সদর	
১০	জনাব মো: দেলোয়ার হোসেন	উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, হবিগঞ্জ সদর	
১২	জনাব সুকান্ত ধর	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর	
১৩	ডা: রমাপদ দে	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর	
১৪	জনাব মো: আফতাব উদ্দিন	উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
১৫	জনাব প্রানেশ চন্দ্র বর্মা	উপজেলা সমাজসেবা অফিসার, হবিগঞ্জ সদর	
১৬	জনাব নাঈম সৌরভ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর	
১৭	জনাব রুপক চন্দ্র বণিক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর	
১৮	জনাব মো: সাইফুল আলম সিদ্দিকী	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর	
১৯	ডা: তানভীর রব শুভ	মেডিকেল অফিসার,উপ: স্বাস্থ্য ও প: প: অফিস, হবিগঞ্জ সদর	
২০	জনাব মো: সজীব মিয়া	উপসহ: প্রকোশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,হবিগঞ্জ সদর	
২১	জনাব হাসনাহেনা	উপজেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
২২	জনাব মো: হাছিনুর রহমান	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
২৩	জনাব শামিমা বেগম	উপজেলা প: প: সহকারী, হবিগঞ্জ সদর	
২৪	জনাব মো: তাজ উদ্দিন	চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি,হবিগঞ্জ সদর	
২৫	জনাব মো: মাহবুবুর রহমান হিরো	চেয়ারম্যান, ১০ নং লস্করপুর ইউপি,হবিগঞ্জ সদর	

পরিশিষ্ট 'খ'

১৯.০৪.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের এপ্রিল,২০২২ মাসের মাসিক সভায় অনুপস্থিতির তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী
০১	জনাব মো: বদরুল করিম দুলাল	চেয়ারম্যান, ৬ নং রাজিউড়া ইউপি,হবিগঞ্জ সদর
০২	জনাব সৈয়দ মঈনুল হক	চেয়ারম্যান, ৪ নং পৈল ইউপি,হবিগঞ্জ সদর
০৩	জনাব মো: মাহবুবুল হক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর
০৪	জনাব মোহাম্মদ জাহান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৫	জনাব মো: মাহমুদুল হাসান	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর